# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

MC-16695

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ পিরোজপুর-১৩৫/ ২৩০৬ তারিখঃ ১৭ /০১/২০১৭খ্রিঃ

বিষয় ঃ তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার জিয়ানগর উপজেলাধীন পত্তাশী এস দাখিল মাদরাসার ভারপ্রাপ্ত সুপার ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য কাগজপত্রসহ আবেদন করেছেন। অপরদিকে বিধি বিধান লঙ্ঘন করে ম্যানেজিং কমিটি গঠন করায় উক্ত ম্যানেজিং কমিটি অনুমোদন না দিয়ে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করার জন্য অভিভাবক সদস্য জনাব মোঃ মোশারেফ হোসেন শিকদার একখানা অভিযোগপত্র দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ...২....(..দুই..) পাতা।

18/1/17
প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার
জিয়ানগর, পিরোজপুর।

নং- বামাশিবো/প্রশা/ পিরোজপুর-১৩৫/ তারিখঃ /০১/২০১৭খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ**

১. জেলা প্রশাসক, পিরোজপুর।
২. জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জিয়ানগর, পিরোজপুর।
৪. ভারপ্রাপ্ত সুপার, পত্তাশী এস দাখিল মাদরাসা, জিয়ানগর, পিরোজপুর।
৫. জনাব মোঃ মোশারেফ হোসেন শিকদার, অভিভাবক সদস্য, পত্তাশী এস দাখিল মাদরাসা, জিয়ানগর, পিরোজপুর।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

G:\Admin\Shujan\2017\01. Januray\15.01.2017\Piroz-135

৮

বরাবর

চেয়ারম্যান
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

বিষয়: **পত্তাশী এস. দাখিল মাদরাসা, জিয়ানগর, পিরোজপুর বিধি লংঘন করে ম্যানেজিং কমিটি গঠন করায় উক্ত কমিটি অনুমোদন না দিয়ে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান প্রসঙ্গে।**

জনাব,

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী বিনয়ের সাথে আপনাকে জানাইতেছি যে, পত্তাশী এস. দাখিল মাদরাসা, জিয়ানগর, পিরোজপুর চলমান ম্যানেজিং কমিটির মেয়াদ ১০/১২/২০১৬ইং তারিখ। নতুন ম্যানেজিং কমিটি গঠন করতে গিয়ে নিম্ন বর্ণিত অনিয়ম করা হয়েছে।

১। দাখিল স্তরের অভিভাবকদের মধ্য হতে ০৩ জন সদস্য নির্বাচন করার স্থলে ০২ জন সদস্য নির্বাচন করা হয়েছে।

২। ইবতেদায়ী স্তরের অভিভাবকদের মধ্য হতে ০১ জন সদস্য নির্বাচন করার স্থলে ০২ জন সদস্য নির্বাচন করা হয়েছে।

৩। মো: নুরুল ইসলাম ভোটার নং-২৩, মো আবু জাফর ভোটার নং-২৪ এর সন্তানরা অন্য প্রতিষ্ঠানে লেখাপড়া করে। মো: কবির সিকদার ভোটার নং-১১০, সে ভুয়া অভিভাবক । উক্ত তিন জনকেই অভিভাবক সদস্য হিসেবে নির্বাচন করা হয়েছে।

৪। ভোটার তালিকা নোটিশ বোর্ডে টানানো হয়নি। নির্বাচনী তফসিল কাউকে জানতে দেয়া হয় নি। গোপন রাখা হয়েছে মনোনয়ন পত্র জমা দেয়ার শেষ দিন পর্যন্ত । নির্বাচনের সকল কার্যক্রম গোপনে সম্পন্ন করা হয়েছে।

৫। চলমান কমিটির সভাপতি জনাব মো: রফিকুল ইসলামের সভাপতি পদ ১৮/০৫/২০১৬ খ্রি: বোর্ড কর্তৃক বাতিল করে বিধি মোতাবেক জনাব মো: গিয়াস উদ্দিন হাওলাদার সেলিম কে ০১/০৬/২০১৬ইং তারিখে সভাপতি হিসাবে বোর্ড কর্তৃক মনোনয়ন দেয়া হয়। বাতিল সভাপতি হাইকোর্ট রীট পিটিশন দাখিল করে স্থগিতাদেশ নিয়েছেন যার রিট পিটিশন নং-৬৭৭৫/২০১৬ মামলা চলমান (কপি সংযুক্ত)।

৬। চলমান ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য জনাব মো: আলী আজগার হাওলাদার। জনাব মো: মোশারেফ শিকদার, জনাবা মাসুদা বেগম, বিদ্যোৎসাহী সদস্য জনাব মো: আ: রহমান খান, এর সদস্য পদ বোর্ডের অনুমতি ছাড়া বাতিল করে মো: আ: রশিদ হালাদার ও তাহমিনা বেগম নামে দুই জন সদস্য মনোনীত করে ম্যানেজিং কমিটির কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

এমতাবস্থায়, উক্ত কমিটি অনুমোদন না দিয়ে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হয়। তার বিহিত ব্যবস্থা গ্রহণ করতে জনাবের মর্জি হয়।

নিবেদক

মোশারেফ শিকদার

তারিখ- ২২।১১।১৬

মো: মোশারেফ হোসেন শিকদার
অভিভাবক সদস্য
পত্তাশী এস. দাখিল মাদরাসা
জিয়ানগর, পিরোজপুর।
মোবা:০১৭১৩-৯৫২৯৬৯

# পত্তাশী এস.দাখিল মাদরাসা

## PATTASHI S. DAKHIL MADRASAH

উপজেলাঃ জিয়ানগর, জেলাঃ পিরোজপুর।

এমপিও কোড : 5403062101
মোবাইল নম্বর : ~~01716-16463955~~ ০১৭২৯৪৬১১৯৮ স্থাপিতঃ ১৯৭৮ ইং।

মাদরাসার : EIIN- 102978
মাদরাসার : কোড-16695
বাকাশিবো কোড : 37037

স্মারক নং- ..পি.এস.ডি.এম: জিয়ানগর/পিরোজপুর-০৭৯৩ তারিখঃ ৬/১১/১৬ ইং

বরবর,

রেজিষ্ট্রার,
বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষাবোর্ড,
ঢাকা।

**বিষয় ঃ-ম্যানেজিং কমিটি অনুমোদন প্রসঙ্গে।**

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শণ পূর্বক বিনীত নিবেদন এই যে, অত্র মাদ্‌রাসার ম্যানেজিং কমিটি যথাযথভাবে গঠণ করা হয়েছে। অনুমোদনের জন্য নিম্নে তালিকা দেয়া হল।

নূতন ম্যানেজিং কমিটির নামের তালিকা ঃ-

| ক্রঃ নং | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব মোঃ রফিকুল ইসলাম | সভাপতি |
| ২ | জনাব মোঃ মোফাজ্জাল হোসাইন | ভার প্রাপ্ত সুপার/সম্পাদক |
| ৩ | জনাব মোঃ নুরুল ইসলাম | অভিভাবক সদস্য |
| ৪ | জনাব মোঃ আঃ রশিদ হাওঃ | অভিভাবক সদস্য |
| ৫ | জনাব মোঃ কবির শিকদার | অভিভাবক সদস্য |
| ৬ | জনাব মোঃ আবু জাফর | অভিভাবক সদস্য |
| ৭ | জনাবা আসমা | সংরক্ষিত মহিলা |
| ৮ | জনাব মোঃ মাহামুদুল হাসান | শিক্ষক প্রতিনিধি |
| ৯ | জনাব মোঃ ইব্রাহীম হাওলাদার | শিক্ষক প্রতিনিধি |
| ১০ | জনাবা জেসমিন সুলতানা | সংরক্ষিত মহিলা শিক্ষক |
| ১১ | জনাব মোঃ রুস্তুম আলী তাং | দাতা সদস্য |
| ১২ | জনাব আঃ হাকিম হাওলাদার | প্রতিষ্ঠাতা সদস্য |

অতএব, মহোদয় সমীপে আকুল আবেদন এই যে,উপরোক্ত বিষয়ে বিবেচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে আপনার সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক,

(মোঃ মোফাজ্জাল হোসাইন)
ভারপ্রাপ্ত সুপার
পত্তাশী এস. দাখিল মাদ্‌রাসা,
জিয়ানগর,পিরোজপুর।
মোবাইলঃ ০১৭২৯৪৬১১৯৮